

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৩৪(আগরতলা-১১।০৩)

খোয়াই, ১১ মার্চ, ২০১৯

পালস পোলিও : খোয়াই জেলায়
২২ হাজার ৮৭৫ জন শিশুকে পোলিও ডোজ

সারা রাজ্যের সাথে খোয়াই জেলাতেও গতকাল জেলার মোট ৩৭০টি পোলিও বুথের মাধ্যমে ০ থেকে ৫ বছরের ২২ হাজার ৮৭৫ জন শিশুকে পোলিও ডোজ খাওয়ানো হয়েছে। জাতীয় এই কর্মসূচিকে বাস্তবায়িত করতে খোয়াই জেলার পোলিও বুথগুলিতে মোট ১,৪৮০ জন স্বাস্থ্যকর্মী, আশাকর্মীগণ এবং ৭৪ জন সুপারভাইজার নিয়োজিত ছিলেন। খোয়াই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।
